গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সৃজনশীল সেল, সংস্থাপন শাখা, প্রশাসন বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

## ২০২১-২০২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ শাখাওয়াত হোসেন
মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
সভার স্থান : সভাকক্ষ (২য় তলা), খাদ্য অধিদপ্তর, ঢাকা
সভার তারিখ : ২৩ ফেব্রুয়ারি, ২০২২
সভার সময় : বেলা ১০.০০ ঘটিকা
সভায় উপস্থিতি : পরিশিষ্ট- 'ক'

সভাপতি জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো, ২০২১-২০২২ বাস্তবায়নকল্পে খাদ্য অধিদপ্তরের নৈতিকতা কমিটির ৩য় সভায় অংশগ্রহণকারী সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ইন্সট্রাক্টর, প্রশিক্ষণ বিভাগ-কে আহ্বান জানান। তদানুযায়ী শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে তুলে ধরলে সভায় তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচ্যসূচি অনুসারে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|
| ০১ | খাদ্য অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার ১ম কোয়ার্টার এর বাস্তবায়ন প্রতিবেদনের উপর খাদ্য মন্ত্রণালয়ের ফিডব্যাক বিষয়ক আলোচনা। | ১.১। কর্ম-পরিকল্পনার কার্যক্রম নং ১.৪ এ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনে কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ অনুষ্ঠানের বিষয়ে আলোচনা করা হয়। | কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | পরিচালক, প্রশিক্ষণ |
| | | ১.২। কার্যক্রম নং ২.১ এ ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ এর বিষয়ে আলোচনা করা হয়। | সংশ্লিষ্ট প্রকল্প/বিভাগ/ইউনিট এর সংশোধিত ক্রয়পরিকল্পনা ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে। প্রয়োজন না হলে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কে অবহিত করতে হবে। | সংশ্লিষ্ট পরিচালক/প্রকল্প পরিচালক/ ইউনিট প্রধান |
| | | ১.৩। কর্ম-পরিকল্পনার কার্যক্রম নং ২.২ এ হাউজহোল্ড সাইলো সরবরাহ প্রকল্পের ২য় কোয়ার্টারে ১টি PSC ও ১টি PIC সভার আয়োজন করা হয়নি। পরবর্তী কোয়ার্টারে বর্ধিত সভা অনুষ্ঠান করে লক্ষ্যমাত্রা সমন্বয়ের বিষয়ে আলোচন করা হয়। | পরবর্তী কোয়ার্টারে বর্ধিত সভা করে লক্ষ্যমাত্রা সমন্বয় করতে হবে। | প্রকল্প পরিচালক, দেশের বিভিন্ন স্থানে বসবাসরত দরিদ্র, অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং দুর্যোগপ্রবণ এলাকার জনগোষ্ঠীর নিরাপদ খাদ্য সংরক্ষণের জন্য হাউজহোল্ড সাইলো সরবরাহ প্রকল্প। |
| | | ১.৪। কার্যক্রম নং ২.৪ এ সমাপ্ত প্রকল্পের গাড়ি বিধি মোতাবেক হস্তান্তর এবং অন্যান্য সরঞ্জামাদি অনুমোদন সাপেক্ষে ব্যবহার করার বিষয়ে আলোচনা করা হয়। | দ্রুততম সময়ে মন্ত্রণালয়ে জমাপ্রদান/ ব্যবহারের প্রস্তাবপ্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক, ১.০৫ লক্ষ মে. টন ধারণ ক্ষমতা সম্পন্ন নতুন খাদ্য গুদাম নির্মাণ প্রকল্প। |
| | | ১.৫। কর্মপরিকল্পনার কার্যক্রম নং ৩.১ বাস্তবায়ন পরবর্তী শুদ্ধাচার প্রতিষ্ঠা ও দুর্নীতি প্রতিরোধের ক্ষেত্র চিহ্নিতপূর্বক প্রমাণক নির্ধারণের বিষয়ে আলোচনা করা হয়। | শুদ্ধাচার প্রতিষ্ঠা ও দুর্নীতি প্রতিরোধের ক্ষেত্র সংশ্লিষ্ট আখানি দপ্তর হতে ফিডব্যাকপত্র প্রমাণক হিসেবে নির্ধারণ করা হয়। | পরিচালক, প্রশাসন/শুদ্ধাচার ফোকাল পয়েন্ট |
| | | ১.৬। ৩.২ এর নৌ-যানে খাদ্যশস্য পরিবহন ট্র্যাকিং বিষয়ক কার্যক্রমটি বাস্তবায়নের লক্ষ্যমাত্রা এবং প্রমাণক নির্ধারণ বিষয়ে আলোচনা করা হয়। | প্রাথমিকভাবে মেজর ক্যারিয়ার চট্টগ্রামের তালিকাভুক্ত ৮টি ঠিকাদারকে ২৫টি জাহাজে ট্র্যাকিং কার্যক্রম স্থাপনের নির্দেশ প্রদান করতে হবে। এক্ষেত্রে ছবি, সিস্টেম রিপোর্ট ও আদেশ প্রমাণক হিসেবে নির্ধারণ করা হয়। | পরিচালক, চসসা/শুদ্ধাচার ফোকাল পয়েন্ট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১.৭। কার্যক্রম নং ৩.৩ এর স্মার্ট অফিস আইডি কার্ড প্রদান বাস্তবায়ন এবং ৩.৪ এরখাদ্য অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ডিজিটাল এক্সেস কন্ট্রোল সিস্টেম বাস্তবায়ন এবং উল্লিখিত কার্যক্রমসমূহের প্রমাণক নির্ধারণ বিষয়ক আলোচনা অনুষ্ঠিত হয়। | খাদ্য অধিদপ্তরাধীন সকল কর্মকর্তা/কর্মচারীদের স্মার্ট অফিস আইডি কার্ড প্রদান করতে হবে এবং প্রমাণক হিসেবে আইডি কার্ডের ছবি ও সিস্টেম রিপোর্ট নির্ধারণ করা হয়।<br>খাদ্য ভবনের প্রধান প্রবেশ পথে ডিজিটাল এক্সেস কন্ট্রোল সিস্টেম স্থাপন করতে হবে এবং ডিজিটাল সিস্টেমে সকলের প্রবেশ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে প্রমাণক হিসেবে টোকেন/পাস, ছবি ও সিস্টেম রিপোর্ট নির্ধারণ করা হয়। | পরিচালক, প্রশাসন/সিস্টেম এনালিস্ট |
| | | ১.৮। কার্যক্রম ৩.৫ এর খাদ্য ভবনে ফায়ার এক্সিট নির্মাণ বাস্তবায়ন কার্যক্রমটি পরিবর্তন করে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক নতুন একটি কার্যক্রম গ্রহণ সংক্রান্ত আলোচনা অনুষ্ঠিত হয়। | শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক নতুন একটি কার্যক্রম হিসেবে বিভাগীয়, ইন-হাউজ এবং অন্যান্য আয়োজিত প্রশিক্ষণে মনোনীতদের মোবাইলে বাল্ক এসএমএস প্রদানের মাধ্যমে প্রশিক্ষণ সম্পর্কে অবহিতকরণ বিষয়ক কার্যক্রমটি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রমাণক হিসেবে ছবি, সিস্টেম রিপোর্ট নির্ধারণ করা হয়। | পরিচালক, প্রশিক্ষণ বিভাগ |
| ০২ | খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন অগ্রগতি। | ২.১। ৩য় কোয়ার্টারের নির্ধারিত সময়ের মধ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের লক্ষ্যে সববি বিভাগকে অনুরোধ জানানো হয়। | এক্ষেত্রে সভার নোটিশ, অংশগ্রহণকারী সদস্যদের হাজিরা এবং সভার কার্যবিবরণী প্রমাণক হিসেবে সরবরাহ করতে হবে। | পরিচালক, সববি বিভাগ |
| | | ২.২। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে পরিচালক প্রশিক্ষণ কে অনুরোধ করা হয়। | ১টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। এক্ষেত্রে প্রশিক্ষণার্থী মনোনয়ন ও হাজিরা প্রমাণক হিসেবে প্রদান করতে হবে। | পরিচালক, প্রশিক্ষণ |
| | | ২.৩। প্রকল্পের PSC ও PIC সভার আয়োজনের অগ্রগতির বিষয়ে আলোচনা করা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে সভার আয়োজন করতে হবে এবং প্রমাণকসমূহ দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

০৩। নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে উক্ত সভার সিদ্ধান্তসমূহ গৃহীত হয় এবং সভায় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বিভিন্ন কার্যক্রমের নির্ধারিত প্রমাণক সমূহ খাদ্য মন্ত্রণালয়ের নৈতিকার কমিটির অনুমোদনের লক্ষ্যে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে আন্তরিক প্রচেষ্টা গ্রহণের অনুরোধসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত:-০২/০৩/২২

মোঃ শাখাওয়াত হোসেন
মহাপরিচালক
ফোন-৯৫৮৪৮৩৪
dg@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩১.১৬.০০২.২১ ৭৮(২৮) তারিখ: ০৬/০৩/২০২২খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে-

০১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০৩। অতিঃ মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০৪। প্রকল্প পরিচালক, সারাদেশে পুরাতন খাদ্য গুদাম ও আনুষঙ্গিক সুবিধাদির মেরামত এবং নতুন অবকাঠামো নির্মাণ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০৫। প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), খাদ্যশস্যের পুষ্টিমান নিশ্চিত করার লক্ষ্যে প্রিমিক্স কার্নেল মেশিন ও ল্যাবরেটরী স্থাপন এবং অবকাঠামো নির্মাণ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০৬-১২। পরিচালক, প্রশাসন/সরবি/চসসা/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
১৩। প্রকল্প পরিচালক, ১.০৫ লক্ষ মে. টন ধারণ ক্ষমতা সম্পন্ন নতুন খাদ্য গুদাম নির্মাণ প্রকল্প, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
১৪। প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৭), ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
১৫। প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), দেশের বিভিন্ন স্থানে বসবাসরত দরিদ্র, অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং দুর্যোগপ্রবণ এলাকার জনগোষ্ঠীর নিরাপদ খাদ্য সংরক্ষণের জন্য হাউজহোল্ড সাইলো সরবরাহ প্রকল্প, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
১৬-১৮। অতিঃ পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা/এমআইএস এন্ড এম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
১৯-২৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
২৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
২৮। অফিস কপি।

02.06.2022
(মোঃ নুরুজ্জামান)
ইন্সট্রাক্টর (প্রশিক্ষণ বিভাগ)
ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা (শুদ্ধাচার)
ফোন-৯৫৫৬১৯৮